

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(ভ্রমণ কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৯-আইন/ভ্রমণ/২০১৪।- ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৫, ধারা ৩ এর উপ-ধারা (২) এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ হইতে আকাশ, স্তুল কিংবা জল পথে অন্য কোন দেশে কোন যাত্রীর গমনের ক্ষেত্রে ভ্রমণ করের হার নির্ধারণকল্পে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই বিধিমালা বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **আকাশ পথে প্রযোজ্য ভ্রমণ কর।**- বাংলাদেশ হইতে আকাশ পথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে নিম্নবর্ণিত হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে, যথা:

(ক) উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চীন, জাপান, হংকং, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া ও তাইওয়ান এ গমনের ক্ষেত্রে চার হাজার টাকা;

(খ) সার্কুলুম কোন দেশে গমনের ক্ষেত্রে এক হাজার দুই শত টাকা;
এবং

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত দেশসমূহ ব্যতীত অন্য কোন দেশে
গমনের ক্ষেত্রে তিন হাজার টাকা।

৩। জলপথে প্রযোজ্য ভ্রমণ কর।— বাংলাদেশ হইতে জলপথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে আট শত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

৪। স্থলপথে প্রযোজ্য ভ্রমণ কর।— বাংলাদেশ হইতে স্থলপথে অন্য কোন দেশে গমনের ক্ষেত্রে প্রতি যাত্রীর নিকট হইতে পাঁচ শত টাকা হারে ভ্রমণ কর আরোপ ও আদায়যোগ্য হইবে।

৫। রাহিতকরণ।— বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪, অতঃপর রাহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রাহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)